জাতীয় বিশ্ববিদ্যালয়

বাংলাদেশ

স্মারক নং-১৪(১৫৬)জাতী:বি:/প্রশিক্ষণ/প্রশিক্ষণ সংক্রান্ত বিজ্ঞপ্তি/২০২৬/৫৬/১২৬ তারিখ: ১৯/০৭/২০২৬

বিজ্ঞপ্তি

স্নাতক (পাস ও সম্মান) পর্যায়ে পাঠদানরত শিক্ষকদের প্রশিক্ষণ ও কলেজের কম্পিউটার ল্যাব সংক্রান্ত তথ্য প্রেরণ প্রসঙ্গে

জাতীয় বিশ্ববিদ্যালয়ের অধিভুক্ত কলেজসমূহে স্নাতক (পাস ও সম্মান) পর্যায়ে পাঠদানরত (স্থায়ী/অস্থায়ী/খন্ডকালীনভাবে নিয়োগপ্রাপ্ত) শিক্ষকদের পেশাগত দক্ষতা উন্নয়ন, বিষয়ভিত্তিক শিক্ষক ডেটাবেজ প্রস্তুতকরণ, প্রশিক্ষণ চাহিদা নিরূপণ এবং ভবিষ্যৎ শিক্ষক প্রশিক্ষণ কর্মপরিকল্পনা প্রণয়নের লক্ষ্যে শিক্ষকদের ও কলেজের কম্পিউটার ল্যাব সংক্রান্ত তথ্য হালনাগাদ করা প্রয়োজন।

এমতাবস্থায়, আপনার কলেজে **স্নাতক (পাস ও সম্মান) পর্যায়ে** পাঠদানরত **(স্থায়ী/অস্থায়ী/খন্ডকালীনভাবে নিয়োগপ্রাপ্ত) সকল শিক্ষকদের** বিষয়ভিত্তিক তথ্য, ICT বিষয়ে কোর ট্রেনিং ও মাস্টার ট্রেনিংপ্রাপ্ত শিক্ষকদের সংখ্যা, প্রশিক্ষণবিহীন শিক্ষকদের তালিকা এবং কলেজে কম্পিউটার ল্যাব আছে কি না/থাকলে সচল কম্পিউটার কয়টি আছে তা উল্লেখপূর্বক অবশ্যই **নিম্নোক্ত ছক (জাতীয় বিশ্ববিদ্যালয় প্রদত্ত Excel File ফরমেট)** ব্যবহার করে সর্বশেষ **আগামী ২৮-০৭-২০২৬ তারিখের মধ্যে** নির্ধারিত (teachers.training@nu.ac.bd) এই ঠিকানায় ই-মেইল মাধ্যমে প্রেরণ করার জন্য বিশেষভাবে অনুরোধ করা হলো।

College Name:..... **Upazila:**..... **District:**.....

Name of the Principal.....Principal's Mobile No.....College (Active) Mobile No.....College Email.....

তথ্যাদি ইংরেজিতে লিখুন

কলেজ কোড	ক্র: নং	TMIS আইডি	TTIS আইডি	নাম	পদবী	বিষয়	কোন পর্যায়ের নিয়োগপ্রাপ্ত শিক্ষক (Degree/ Hons.)	নিয়োগের ধরণ : Permanent/ Temporary/ Part-time	কোনো প্রশিক্ষণ গ্রহণ করেছেন কি (Yes/No)	ICT প্রশিক্ষণের নাম	ICT প্রশিক্ষণের সময়সীমা	প্রাপ্ত অন্যান্য প্রশিক্ষণের শিরোনাম	প্রশিক্ষণের সময়সীমা	প্রশিক্ষণ প্রদানকারী প্রতিষ্ঠান	প্রশিক্ষণ গ্রহণের বছর	কলেজে কম্পিউটার ল্যাব আছে কি? (Yes/No)	ল্যাব থাকলে সচল কম্পিউটারের সংখ্যা	শিক্ষকের মোবাইল নম্বর ও ইমেইল
												(a).... (b)....	(a).... (b)....					

***ই-মেইল প্রেরণের সময় ই-মেইলের সাবজেক্টে কলেজ কোড, কলেজের নাম ও জেলার নাম ইংরেজিতে উল্লেখ করবেন।*

তথ্য প্রেরণের ক্ষেত্রে অনুসরণীয় নির্দেশনা:

১। কলেজে কর্মরত স্নাতক (পাস ও সম্মান) পর্যায়ে (**স্থায়ী/অস্থায়ী/খন্ডকালীন নিয়োগপ্রাপ্ত**) পাঠদানকারী **সকল শিক্ষকদের তথ্য** অন্তর্ভুক্ত করতে হবে। প্রেরণকৃত তথ্যের বাহিরে অন্য কোন শিক্ষককে জাতীয় বিশ্ববিদ্যালয়ের প্রশিক্ষণসহ অন্যান্য কাজে অন্তর্ভুক্তির জন্য বিবেচনা করা হবে না।

২। একজন শিক্ষক একাধিক প্রশিক্ষণ গ্রহণ করে থাকলে প্রাপ্ত প্রশিক্ষণের নাম পৃথকভাবে উল্লেখ করতে হবে।

৩। পাঠদানকারী সকল শিক্ষকদের তথ্যের যথার্থতা নিশ্চিত করে **অধ্যক্ষ মহোদয় কর্তৃক সত্যায়িত (স্বাক্ষর ও সীলযুক্ত) পিডিএফ (PDF) কপি এবং সম্পাদনযোগ্য একটি এক্সেল (Excel) ফাইল** উভয়ই ই-মেইলে প্রেরণ করতে হবে।

৪। প্রাপ্ত তথ্যের ভিত্তিতে জাতীয় বিশ্ববিদ্যালয় শিক্ষক প্রশিক্ষণ কার্যক্রম পরিকল্পনা গ্রহণ ও বাস্তবায়ন করবে।

টিটিআইএস ডেটাবেইজে কলেজ ইউজার/আইডি তৈরি করতে:

তথ্যসমূহ অনলাইনে জাতীয় বিশ্ববিদ্যালয়ের ওয়েবসাইট-***www.nu.ac.bd*** ***এর TRAINING*** মেন্যুতে ***TTIS-Teachers Training Information System***-এ কলেজ ইউজার লগইন/রেজিস্ট্রেশনের মাধ্যমে প্রেরণ করতে পারবেন।

**** অধিভুক্ত যে সকল (স্নাতক/পাস) কলেজ এখনো টিটিআইএস ডেটাবেইজে অন্তর্ভুক্ত হননি; সেক্ষেত্রে টিটিআইএস হেল্পলাইন হোয়াটসঅ্যাপ (01915726576) নম্বরে অধ্যক্ষ মহোদয়ের হোয়াটসঅ্যাপ নম্বর থেকে কলেজের বিস্তারিত তথ্য টেক্সট করে দ্রুততম সময়ের মধ্যে অন্তর্ভুক্ত হতে অনুরোধ করা হলো।**

বিষয়টি জরুরী।

ভাইস-চ্যান্সেলর মহোদয়ের অনুমোদনক্রমে

(মোছা: সালমা পারভীন)
পরিচালক
শিক্ষক প্রশিক্ষণ দপ্তর, জাতীয় বিশ্ববিদ্যালয়
ইমেইল: teachers.training@nu.ac.bd

অধ্যক্ষ
অধিভুক্ত সকল কলেজ/শিক্ষা প্রতিষ্ঠান

স্মারক নং-১৪(১৫৬)জাতী:বি:/প্রশিক্ষণ/প্রশিক্ষণ সংক্রান্ত বিজ্ঞপ্তি/২০২৬/৫৬/১২৬ তারিখ: ১৯/০৭/২০২৬

সদয় অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য অনুলিপি প্রেরণ করা হলো (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়)ঃ

১. পরীক্ষা নিয়ন্ত্রক, জাতীয় বিশ্ববিদ্যালয়, গাজীপুর
২. পরিচালক, তথ্য প্রযুক্তি (আইসিটি) দপ্তর, জাতীয় বিশ্ববিদ্যালয়, গাজীপুর (বিজ্ঞপ্তিটি জাতীয় বিশ্ববিদ্যালয়ের ওয়েবসাইটে প্রকাশ ও কলেজের ই-মেইলে প্রেরণের অনুরোধসহ)
৩. পরিচালক, কলেজ মনিটরিং ও ইভ্যালুয়েশন দপ্তর, জাতীয় বিশ্ববিদ্যালয়, গাজীপুর
৪. কলেজ পরিদর্শক, জাতীয় বিশ্ববিদ্যালয়, গাজীপুর
৫. পরিচালক, জনসংযোগ দপ্তর, জাতীয় বিশ্ববিদ্যালয়, গাজীপুর
৬. অতিরিক্ত রেজিস্ট্রার, ভাইস চ্যান্সেলর-এর দফতর, জাতীয় বিশ্ববিদ্যালয়, গাজীপুর
৭. অতিরিক্ত রেজিস্ট্রার, ট্রেজারার-এর দফতর, জাতীয় বিশ্ববিদ্যালয়, গাজীপুর
৮. উপ-রেজিস্ট্রার, প্রো-ভাইস চ্যান্সেলর এর দফতর, জাতীয় বিশ্ববিদ্যালয়, গাজীপুর
৯. সহকারী রেজিস্ট্রার, প্রো-ভাইস চ্যান্সেলর এর দফতর, জাতীয় বিশ্ববিদ্যালয়, গাজীপুর
১০. উপ-রেজিস্ট্রার, রেজিস্ট্রার-এর দফতর, জাতীয় বিশ্ববিদ্যালয়, গাজীপুর
১১. অফিস কপি

পরিচালক
শিক্ষক প্রশিক্ষণ দপ্তর, জাতীয় বিশ্ববিদ্যালয়